



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোর্ডি/প্রশাঃ/শিম/০১/২০০৬/৪২৪২(০২)

তারিখ : ০৩/১০/২০১৯ খ্রি.


বিষয় : যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ২০১৮-২০১৯ অর্থবছরে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর বৃত্তির অর্থ গ্রহণ করতে পারেন নাই তাঁদের আবেদন অত্র শিক্ষা বোর্ডে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : (ক) মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০৬.১২-১৮৩/১১, তারিখ : ২০/০৬/২০১৯ খ্রি.
(খ) মাউশিবোর্ডি/প্রশাঃ/শিম/০১/২০০৬/৫০৩৪(ক), তারিখ : ২৫/০৬/২০১৯ খ্রি.
(গ) ঢাশিবো মেমো নং- ৭২৫(৫), তারিখ : ০২/১০/২০১৯ খ্রি.

উল্লিখিত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেধা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ উত্তোলনের লক্ষ্যে গত ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডের প্রশাসন শাখায় বৃত্তির বিল দাখিল করার জন্য অনুরোধ করা হয়েছিল। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বৃত্তি/মেধাবৃত্তি খাতে ২০১৮-২০১৯ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ হতে অত্র শিক্ষা বোর্ডের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে চেক প্রদানের মাধ্যমে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদেরকে বৃত্তি প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক দাখিলকৃত বিলের প্রেক্ষিতে এর পরেও যে সকল প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির বিল দাখিল করতে পারেননি সে সকল প্রতিষ্ঠানসমূহে অধ্যয়নরত অথবা বাদপড়া বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর ২০১৮-২০১৯ অর্থ বছরের মেধা ও সাধারণ বৃত্তির বিল আগামী ১৩/১০/২০১৯ তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ড বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

- ১। বিলের সাথে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর মেধা/সাধারণ/অন্যান্য বৃত্তিপ্রাপ্তির গেজেটের সংশ্লিষ্ট অংশের ফটোকপি জমা দিবেন (উক্ত ফটোকপিতে নাম চিহ্নিত করে দিতে হবে)।
- ২। বর্তমানে দাবিকৃত বৃত্তির বিল ইতোপূর্বে শিক্ষা বোর্ডে দাখিল করা হয়নি বা পূর্বে উত্তোলন করা হয়নি মর্মে প্রতিষ্ঠান প্রধান প্রত্যয়ন পত্র প্রদান করবেন।
- ৩। বাদ পড়া শিক্ষার্থীর মোট সংখ্যা ও টাকার পরিমাণ লাল কালিতে লিখে ফরোয়ার্ডিং পত্রে প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর ও সিল প্রদান করবেন।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন এলাকার
সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।


তারিখ: ০৬.১০.১৯
প্রফেসর মোঃ আমিনুল হক সরকার
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর